

স্বেচ্ছাকৃত বেতন-সম্পর্ক (করাধান হইতে অব্যাহতি) আইন, ১৯৬১

(১৯৬১-র ৪৬ নং আইন)

[৬ই ডিসেম্বর, ১৯৬১]

কোন ব্যক্তিকে প্রদেয় বেতন বা ভাতাসমূহের যে অংশ সেই
ব্যক্তি জনস্বার্থে^১ স্বেচ্ছাকৃতভাবে ত্যাগ করিতে চাহিয়াছেন
সেই স্থানকে আঘের উপর আরোপিত করসমূহই হইতে
অব্যাহত দানের ব্যবস্থাকরণার্থ^২ আইন।

তারত সাধারণতত্ত্বের দ্বাদশ বর্ষে^৩ সংসদ কর্তৃক এতদ্বারা
নিম্নরূপে বিধিবদ্ধ হইলঃ—

সংক্ষিপ্ত নাম।

১। এই আইন স্বেচ্ছাকৃত বেতন-সম্পর্ক (করাধান হইতে
অব্যাহতি) আইন, ১৯৬১ নামে অভিহিত হইতে পারিবে।

২। ভারতীয় আয়কর আইন, ১৯২২-এ অথবা আয়ের ১৯২২-এর
উপর করাধান সংক্রান্ত তৎকালে বলবৎ অন্য কোন বিধিতে ১১।
যাহা কিছু আছে তৎসত্ত্বেও, কোনও আয়কর বা অধিকর কোনও
ব্যক্তি কর্তৃক—

(ক) যেক্ষেত্রে তাঁহার বেতন ভারতের সঞ্চিত-নির্ধ হইতে
বা কোনও রাজ্যের সঞ্চিত-নির্ধ হইতে প্রদত্ত হয়
সেক্ষেত্রে, ৩১এ মার্চ, ১৯৬১ তারিখের পরবর্তী
যেকোন সময়সীমার জন্য তাঁহার প্রাপ্য বেতনের যে
অংশ জনস্বার্থে^৪ তিনি লিখিতভাবে ঘোষণা দ্বারা
স্বেচ্ছাকৃতভাবে ত্যাগ করিতে চাহিয়াছেন সেই অংশ
সম্পর্কে, এবং

(খ) অন্য যেকোন ক্ষেত্রে, ৩১এ মার্চ, ১৯৬১ তারিখের
পরবর্তী যেকোন সময়সীমার জন্য তাঁহার যে বেতন
প্রাপ্য হয়, সেই বেতনের যে অংশ জনস্বার্থে,
এতৎপক্ষে কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রণীত নিয়মাবলী
অনুসারে, কেন্দ্রীয় সরকারের অনুকূলে সমর্পিত
এবং ঐ সরকারের নিকট প্রদত্ত হইয়াছে সেই অংশ
সম্পর্কে,

প্রদেয় হইবে না, এবং তাঁহার বেতনের ঐরূপ অংশ আয়ের উপর
করাধান সংক্রান্ত কোনও বিধির প্রয়োজনার্থে^৫ তাঁহার মোট
আয়ের অন্তর্ভুক্ত হইবে না।

ভাতাসমূহের ক্ষেত্রে
২ ধারার বিধানসমূহ
প্রযোজ্য হইবে।

৩। ২ ধারার বিধানসমূহ যেভাবে তন্মধ্যে উল্লিখিত কোন
ব্যক্তির বেতন সম্পর্কে প্রযুক্ত হয়, সেভাবেই ৩১এ মার্চ, ১৯৬১
তারিখের পরবর্তী কোনও সময়সীমার জন্য ঐ ব্যক্তির প্রাপ্য
যেকোন ভাতা সম্পর্কেও প্রযুক্ত হইবে।

নিয়মাবলী প্রণয়ন
করিবার ক্ষমতা।

৪। (১) কেন্দ্রীয় সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন
দ্বারা, এই আইনের উদ্দেশ্যসমূহ কাব্যে^৬ পরিণত করিবার জন্য
নিয়মাবলী প্রণয়ন করিতে পারেন।

(২) এই ধারা অনুযায়ী প্রণীত প্রত্যেক নিয়ম, প্রণীত
হইবার পরে যথাসম্ভব শীঘ্ৰ, সংসদের প্রত্যেক সদনের সমক্ষে,
উহার সম্ভবত থাকা কালে, মোট তিশ দিন সময়সীমার জন্য
স্থাপিত হইবে, যে সময়সীমা এক সত্ত্বের অথবা দ্বয়ী বা
ততোধিক অনুকূলীয় সত্ত্বের অন্তর্গত হইতে পারে, এবং যদি,
যে সত্ত্বে উহা ঐরূপে স্থাপিত হয় সেই সত্ত্বের বা উহার

অব্যাহত পরিবর্তী সত্ত্বের অবসানের পূর্বে উভয় সদন ঐ নিয়মের কোন সংপরিবর্তন করিতে সম্মত হন, অথবা উভয় সদন সম্মত হন যে ঐ নিয়ম প্রণীত হওয়া উচিত নহে, তাহা হইলে, তদন্তত ঐ নিয়ম কেবল এরূপ সংপরিবর্তিত আকারে কার্যকর হইবে বা স্থলাবিশেষে, আদৌ কার্যকর হইবে না; তবে এমনভাবে যে, এরূপ কোন সংপরিবর্তন বা রদ্দকরণ ঐ নিয়ম অনুযায়ী পূর্বে কৃত কোন কিছুরই সিদ্ধতা ক্ষণ করিবে না।

১৯৫০-এর
৬১।

৫। (১) স্বেচ্ছাকৃত বেতন-সম্পর্ণ (করাধান হইতে নিরসন: অব্যাহতি) আইন, ১৯৫০ এতদ্বারা নিরসিত হইল।

(২) এরূপ নিরসন সত্ত্বেও উক্ত আইন অনুযায়ী কৃত কোন ঘোষণা এই আইনের উদ্দেশ্যে কৃত কোন ঘোষণা বর্লিয়া গণ্য হইবে।

ক. ভেঙ্কটসুর্য পেরিশাস্ত্রী
সচিব, ভারত সরকার

R. V. S. Peri Sastri,
Secretary to the Government of India.

ভারত সরকারের পক্ষে পশ্চিমবঙ্গ সরকারের বিধান বিভাগ কর্তৃক
আলিপুরস্থ পশ্চিমবঙ্গ সরকারী মুদ্রণে মুদ্রিত ও
প্রকাশিত
১৯৮৫